গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।
naogaonsadar.naogaon.gov.bd

নং-০৫.৪৩.৬৪৮০.০০০.১৫.০০৫.২১- ৭১২

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮
১২ আগস্ট ২০২১

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১ নং আইন) এ প্রদত্ত ক্ষমতাবলে প্রণিত বিধিমালা ''স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) গ্রাম পুলিশ বাহিনীর গঠন, প্রশিক্ষণ, শৃঙ্খলা ও চাকুরির শর্তাবলী সম্পর্কিত বিধিমালা, ২০১৫ এর ৩(১) (ক), ৪ (১) (ক)-(ঘ), (২), (৩), ৬, ৭(১),(২),(৩) এবং ৮(১), (২) ও (৩) বিধি মোতাবেক এবং ০৩ জুলাই ২০১৭ খ্রিঃ তারিখের এস.আর.ও নং ২৩২-আইন/ ২০১৭ জারিকৃত সংশোধিত প্রজ্ঞাপন অনুযায়ী নওগাঁ সদর উপজেলার বক্তারপুর, বোয়ালিয়া, দুবলহাটি ও চন্ডিপুর ইউনিয়ন পরিষদে ''মহল্লাদার'' পদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য নির্ধারিত বেতন ভাতায় নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিক ও সংশ্লিষ্ট ইউপি/ ওয়ার্ডের স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| পদের নাম | ইউনিয়ন | শূন্য পদের সংখ্যা | বয়সসীমা | নিয়োগের ক্ষেত্রে প্রয়োজনীয় যোগ্যতা | বেতন |
|---|---|---|---|---|---|
| মহল্লাদার | বক্তারপুর | ১(এক) টি | অনূর্ধ্ব ৩০ বছর | প্রার্থীকে কোন স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হতে অষ্টম শ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃত শিক্ষা বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উর্ত্তীর্ণ হতে হবে। | ৬,৫০০/-(ছয় হাজার পাঁচশত) টাকা নির্ধারিত |
| | দুবলহাটি | ২(দুই )টি | | | |
| | বোয়ালিয়া | ২(দুই) টি | | | |
| | চন্ডিপুর | ১(এক) টি | | | |

শর্তাবলীঃ

০১। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

০২। প্রার্থীকে শারীরিক ও মানসিকভাবে সুস্থ্য হতে হবে।
প্রার্থীর প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা:
(ক) পুরুষ প্রার্থীর ক্ষেত্রে:- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি; বুকের মাপ:- ৩০ ইঞ্চি (স্বাভাবিক); ৩২ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওৎন-৫০ কেজি।
(খ) মহিলা প্রার্থীর ক্ষেত্রে:- সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট; বুকের মাপ:- ২৮ ইঞ্চি (স্বাভাবিক); ৩০ ইঞ্চি (সম্প্রসারণ), সর্বনিম্ন ওৎন-৪৫ কেজি।

০৩। প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ সম্বোধন করে তার কার্যালয়ে আগামী ৩১/০৮/২০২১ তারিখের মধ্যে অফিস চলাকালিন সরাসরি বা ডাকযোগে নির্ধারিত ফরমে আবেদন দাখিল করতে হবে।

০৪। আবেদনের সাথে উপজেলা নির্বাহী অফিসার, নওগাঁ সদর, নওগাঁ এর অনুকূলে সোনালী ব্যাংক লিঃ এ ১০০/-(একশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফ্ট দাখিল করতে হবে।

০৫। প্রার্থীর পূর্ণ জীবনবৃত্তান্তঃ (ক) প্রার্থীর নাম, (খ) পিতার নাম, (গ) স্বামী/স্ত্রীর নাম, (ঘ) মাতার নাম, (ঙ) স্থায়ী ঠিকানা, (চ) বর্তমান ঠিকানা, (ছ) জন্ম তারিখ, (জ) ৩১/০৮/২০২১ তারিখে বয়স, (ঝ) জাতীয়তা, (ঞ) শিক্ষাগত যোগ্যতা, (ট) ধর্ম, (ঠ) বৈবাহিক অবস্থা, (ড) অভিজ্ঞতা (যদি থাকে), (ঢ) বিশেষ কোটার প্রার্থী হলে কোটার নাম উল্লেখ করতে হবে।

০৬। আবেদনের সাথে (ক) ইউনিয়ন পরিষদ কর্তৃক প্রদত্ত নাগরিক সনদপত্রের সত্যায়িত কপি, (খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০৪(চার) কপি রঙ্গিন ছবি, (গ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্রের মূলকপি, (ঘ) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, (ঙ) জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি, (চ) জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি, (ছ) বিশেষ কোটার প্রার্থী হলে এ সংক্রান্ত বিষয়ে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/ প্রমাণপত্র সংযুক্ত করতে হবে, (জ) প্রার্থীকে যোগাযোগের ঠিকানা সম্বলিত এবং অব্যবহৃত ১০/- (দশ) টাকার ডাক টিকিট যুক্ত ৪.৫ x ১০ ইঞ্চি সাইজের একটি ফেরত খাম সংযুক্ত করতে হবে এবং খামের উপরে পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

০৭। প্রার্থীর বয়স ৩১/০৮/২০২১ খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে মুক্তিযোদ্ধা সন্তানের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৮। নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধিমালা অনুসরণ করা হবে।

০৯। চাকুরির জন্য সরকারের বিদ্যমান বিধিমালা অনুসরণ করা হবে।

চলমান পাতা-০২

১০। চাকুরিরত প্রার্থীকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
১১। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র সমূহ বাতিল বলে গন্য হবে।
১২। নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রার্থীদেরকে কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
১৩। অবসরপ্রাপ্ত গ্রাম পুলিশ (দফাদার ও মহল্লাদার) এর পুত্র কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।
১৪। প্রথম ৬(ছয়) মাস শিক্ষানবিশ হিসাবে ও অস্থায়ী হিসেবে কর্মরত থাকতে হবে।
১৫। কর্তৃপক্ষ যে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

(মির্জা ইমাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
সভাপতি
বাছাই/ পদোন্নতি কমিটি
ফোন: ০৭৪১-৬২৪৬৬
ই-মেইল:
unonaogaon@mopa.gov.bd

নং-০৫.৪৩.৬৪৮০.০০০.১৫.০০৫.২১- ৭২৯

তারিখ: ২৮ শ্রাবণ ১৪২৮ / ১২ আগস্ট ২০২১

অনুলিপি সদয় অবগতি/ অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

০১। জেলা প্রশাসক, নওগাঁ।
০২। উপপরিচালক, স্থানীয় সরকার, নওগাঁ
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নওগাঁ সদর, নওগাঁ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। উপজেলা---------------------------------------কর্মকর্তা, নওগাঁ সদর, নওগাঁ। (নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের জন্য)
০২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, নওগাঁ সদর, নওগাঁ। (নিয়োগ বিজ্ঞপ্তিটি উপজেলা ও ইউনিয়ন তথ্য বাতায়নে প্রকাশ করার জন্য)
০৩। চেয়ারম্যান/ সচিব, বক্তারপুর/ দুবলহাটি/ বোয়ালিয়া/ চন্ডিপুর ইউপি, নওগাঁ সদর, নওগাঁ। তাঁকে উপরিউক্ত নিয়োগ বিজ্ঞপ্তিটি সংশ্লিষ্ট ইউনিয়নের গুরুত্বপূর্ণ স্থান এবং হাট-বাজারে বহুল প্রচার করতঃ নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ জানানো হলো।
০৪। ----------------------------------------------------------------------------------------।
০৫। নোটিশ বোর্ড।

১২/০৮/২০২১

(মির্জা ইমাম উদ্দিন)
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
সভাপতি
বাছাই/ পদোন্নতি কমিটি
ফোন: ০৭৪১-৬২৪৬৬
ই-মেইল:
unonaogaon@mopa.gov.bd

# চাকরির আবেদন ফরম

বরাবর
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ।

০১ কপি সদ্যতোলা রঙিন পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি আঠা দিয়ে লাগাতে হবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ০১. | পদের নাম : | | | | |
| ০২. | বিজ্ঞপ্তি নম্বর : | | তারিখ | | |
| ০৩. | প্রার্থীর নাম : | বাংলায় : | | | |
| | | ইংরেজিতে (বড় অক্ষরে) : | | | |
| ০৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর : | | | | যে কোন একটি |
| | জন্ম নিবন্ধন নম্বর : | | | | |
| ০৫. | জন্ম তারিখ : | | ০৬. জন্মস্থান (জেলা) : | | |
| ০৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | |
| ০৮ | মাতার নাম : | | | | |
| ০৯. | পিতার নাম : | | | | |
| ১০. | স্বামী/ স্ত্রীর নাম : | | | | |

| | ঠিকানা | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১১. | বাসা ও সড়ক ( নাম ও নম্বর) : | | |
| | গ্রাম / পাড়া / মহল্লা : | | |
| | ইউনিয়ন / ওয়ার্ড : | | |
| | ডাকঘর : | | |
| | পোঃ কোড নম্বর : | | |
| | উপজেলা : | | |
| | জেলা : | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১২. | যোগাযোগ : | মোবাইল / টেলিফোন নম্বর : | | ই-মেইল (যদি থাকে): |
| ১৩. | জাতীয়তা : | | ১৪. | জেন্ডার : |
| ১৫. | ধর্ম : | | ১৬. | পেশা : |

১৭. শিক্ষাগত যোগ্যতা

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড / বিশ্ববিদ্যালয় | গ্রেড / শ্রেণি / বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৮. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে) : | | | |
| ১৯. | অভিজ্ঞতার বিবরণ (প্রযোজ্য ক্ষেত্রে) : | | | |
| ২০. | কোটা (টিক দিন) : | বীর মুক্তিযোদ্ধা / শহীদ মক্তিযোদ্ধার পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র-কন্যা | | শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র-নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ করুন) : গ্রাম পুলিশের পুত্র-কন্যা/ পুত্র-কন্যার পুত্র-কন্যা |
| ২১. | ব্যাংক ড্রাফট নম্বর : | | তারিখ: | |
| | সোনালী ব্যাংক লিঃ এর শাখার নাম : | | | |
| ২২. | বিভাগীয় প্রার্থী কি না (টিক দিন ) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, উপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

| তারিখ: | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|

................................
প্রার্থীর স্বাক্ষর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
নওগাঁ সদর, নওগাঁ।
naogaonsadar.naogaon.gov.bd

০১ কপি সদ্যতোলা রঙিন পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি আঠা দিয়ে লাগাতে হবে

# প্রবেশপত্র

অফিস কর্তৃক পূরণীয়

রোল নং- ............................................

পরীক্ষা কেন্দ্রের নামঃ..................................

পরীক্ষার তারিখঃ ......................................

পরীক্ষার সময়ঃ .......................................

প্রার্থী কর্তৃক পূরণীয়

পদের নাম ঃ মহল্লাদার

প্রার্থীর নাম ঃ

পিতা/ স্বামীর নামঃ

বর্তমান ঠিকানাঃ

১। পরীক্ষা কেন্দ্রে প্রবেশের সময় প্রবেশপত্রটি প্রদর্শণ করতে হবে।
২। মোবাইল ফোন, ক্যালকুলেটর ও কোন ইলেক্ট্রনিক্স যন্ত্রপাতি নিয়ে পরীক্ষার হলে প্রবেশ করা যাবে না।
৩। পরীক্ষা শুরুর ১৫ মিনিট পূর্বে কেন্দ্রে উপস্থিত হতে হবে।
৪। প্রয়োজনীয় শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ, জন্ম নিবন্ধন সনদ ও আইডি কার্ড এর মূলকপি সাথে আনতে হবে।
৫। এটি মৌখিক পরীক্ষার প্রবেশপত্র হিসেবে বিবেচিত হবে।
৬। ছবি পরিবর্তন করে ভিন্ন ব্যক্তি মৌখিক পরীক্ষা দিলে " False Personification " এর কারণে মামলা হবে এবং একই সঙ্গে পাবলিক পরীক্ষা নিয়ন্ত্রণ আইনে জেল / জরিমানা হবে।

প্রার্থীর স্বাক্ষর ...............................................

মির্জা ইমাম উদ্দিন
উপজেলা নির্বাহী অফিসার
নওগাঁ সদর, নওগাঁ
ও
সভাপতি
বাছাই কমিটি

বিঃদ্রঃ এই প্রবেশপত্রের দুই কপি আবশ্যিকভাবে আবেদন পত্রের সাথে প্রেরণ করতে হবে।